



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

জরুরি বিজ্ঞপ্তি

নং- ৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ/১৫৪৩

তারিখ : ২২/০৯/২০১৯

বিষয় : ২০১৯ সালে ৯ম শ্রেণিতে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনে বিভাগ, বিষয়, ছবি, অন্যান্য তথ্য সংশোধন ও বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০১৯ সালে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম ইতোমধ্যে শেষ হয়েছে। এ প্রেক্ষিতে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনে বিভাগ, বিষয়, ছবি সংশোধন ও বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা যাবে।

২। উপরোক্ত বিষয়সমূহ ভুল হয়ে থাকলে আগামী ২৩/০৯/২০১৯ হতে ৩০/১১/২০১৯ তারিখের মধ্যে অনলাইনে সংশোধন (নির্ধারিত খাতে সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিতে হবে) এবং বাদপড়া শিক্ষার্থীদেরও রেজিস্ট্রেশন করা যাবে। নিম্নে ফি-এর হার দেয়া হলো :

শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন (বিলম্ব) ফি	:	২৮৩/-
শিক্ষার্থী প্রতি বিভাগ পরিবর্তন ফি	:	৫০০/-
শিক্ষার্থী প্রতি বিষয় সংশোধন	:	১০০/-

উল্লেখ্য, বর্ণিত তারিখের পর আর কোন সংশোধন এবং বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা হবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে সংশোধন না হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

ফোন : ৫৮৬১০০৬৯

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

